



বেদন কেঁপে উঠে মনুষ্যের জন্যে প্রতিদিন
যায়যায়দিন
১৯৮৪ থেকে

যায়যায়দিন, ০২-০৮-২০২৩, পৃষ্ঠা-০৫



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে 'ইংলিশ লিটারেচার' বিষয়ে দুই দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগ এবং অ্যাসোসিয়েশন অফ টিচার্স অফ লিটারেচার্স ইন ইংলিশ, বাংলাদেশ (ATLEB) যৌথভাবে 'টিচিং ইংলিশ লিটারেচার অ্যান্ড ইন্টারডিসিপ্লিনারিটি' শীর্ষক (২৮-২৯ জুলাই) ২ দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করেছে। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস আফতাবনগর, ঢাকায় অনুষ্ঠিত এ সম্মেলনে ইংল্যান্ড, সিঙ্গাপুর, ভারত এবং বাংলাদেশের ১৭০ জনের বেশি গবেষক অংশ নেন।

সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথি ছিলেন ইমেরিটাস অধ্যাপক ডক্টর সিরাজুল ইসলাম চৌধুরী। অধ্যাপক চৌধুরী তার বক্তব্যে সাহিত্যকে দ্রুত ছড়িয়ে দিতে ভালো অনুবাদের ওপর গুরুত্ব দেন। তিনি রবীন্দ্রনাথ ঠাকুরের উদাহরণ টেনে বলেন, গীতাঞ্জলীর অনুবাদের কারণেই কবিগুরু এশিয়ার প্রথম নোবেল বিজয়ী হতে পেরেছিলেন। পাশাপাশি ডক্টর চৌধুরী প্রযুক্তির

উৎকর্ষতায় মানুষের পড়ার অভ্যাস কমে যাওয়াতে উদ্বেগ প্রকাশ করেন। নতুন প্রজন্মকে পড়াতে ফিরিয়ে আনার ব্যাপারে তিনি সবার মনোযোগ আকর্ষণ করেন।

অধিবেশনে সভাপতিত্ব করেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপার্সন সৈয়দ মঞ্জুর এলাহী। এ ছাড়া এই আন্তর্জাতিক সম্মেলনের আহ্বায়ক, অধ্যাপক তাহমিনা আহমেদ, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ডক্টর ফারজানা আক্তার এবং সম্মেলনের সহ-আহ্বায়ক এবং ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক ডক্টর আবু শহীদ আবদুল্লাহ অনুষ্ঠানে বক্তব্য রাখেন। এবারের সম্মেলনে ২১টি আলাদা সেশনে প্রায় ২০০টির বেশি গবেষণা প্রবন্ধ ও পোস্টার উপস্থাপন এবং এগুলো নিয়ে আলোচনা করা হয়। ■ সংবাদ বিজ্ঞপ্তি